প্রশ্নঃ ৩১৩. একটা মাসআলা জানতে চাচ্ছিলাম ১.তাকবীরে উলা কত সময় পর্যন্ত থাকে ? ২.উত্তম সময় কোনটি ?

তাকবীরে উলার ফযীলত পেতে হলে ইমাম আবূ হানীফা রহঃ এর মতে ইমামের তাকবীরে তাহরীমার সাথে সাথেই মুক্তাদীর তাকবীরে তাহরীমা বলতে হবে।

তবে ইমাম সাহাবাইন রহঃ এর মতামত হলো যে, ইমামের তাকবীরে তাহরীমার পরও যদি মুক্তাদী শরীক হয় তবুও তাকবীরে উলার ফযীলত পাবে।

পরে শরীক হলে কতক্ষণ পর্যন্ত তাকবীরে উলার সওয়াব পাবার সুযোগ আছে ? এ বিষয়ে চারটি মতামত আছে। যথা-

১ ইমাম সাহেব ছানা শেষ করা পর্যন্ত শরীক হলে।
২ ইমাম সাহেব সূরা ফাতিহা অর্ধেক পড়া পর্যন্ত শরীক হলে।
৩ ইমাম সাহেবের পুরো সূরা ফাতিহা পড়া পর্যন্ত শরীক হলে।
৪ ইমাম সাহেব রুকুতে যাবার আগ পর্যন্ত।

এর মাঝে তৃতীয় কওলটি বেশি গ্রহণীয়।

(হাশিয়াতুত তাহতাবি :- ২৫৮)

والله أعلم بالصواب

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: